AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 25-11-2026 **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতির বিশ্বাস যোগ্যতা বাড়াতে গবেষণা, মূল্যায়ণ ও রোগী সুরক্ষার ওপর জোর দিয়েছেন।

২) কেন্দ্রীয় ড্রাগস্ ল্যাবরেটরি দেশের বাজারে প্রচলিত ৩৭-টি ওষুধের নমুনাকে অনুপযুক্ত বলে চিহ্নিত করেছে, রাজ্য পর্যায়েও ২৮৭-টি ওষুধের নমুনা অনুপযুক্ত বলে চিহ্নিত হয়েছে।

৩) সুপ্রিম কোর্ট ২০২০ সালের দিল্লি রায়ট চক্রান্ত মামলায় সার্জিল ইমাম ও উমর খালিদের অন্তর্বর্তী জামিনের আবেদন খারিজ করে দিয়েছে।

৪) বোম্বে শেয়ার বাজারের সূচক সেনসেক্স আজ দিনের শুরুতেই ১ হাজার ৯৫৭ পয়েন্ট বেড়ে ৮৪ হাজার ৩৯৩-এ পৌঁছেছে। নিফটিও ৫৮৩ পয়েন্ট বেড়েছে।

৫) আফ্রিকীয় দেশ নাইজেরিয়ার, নাইজার প্রদেশে নতুন করে সাম্প্রদায়িক হিংসায় ৬৪ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

৬) মহিলাদের এশিয়ান চ্যাম্পিয়ান্স ট্রফি হকিতে ভারত আজ জাপানের মুখোমুখি হবে।

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতি বিশ্বাসযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে বৈজ্ঞানিক গবেষণা, মূল্যায়ন এবং রোগীর সুরক্ষাকে আরও জোরদার করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার লক্ষে স্বাস্থ্য পরিসেবা ও শিক্ষা—এই দুটি ক্ষেত্রকে গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে রাখতে হবে।

ওড়িশায় দুদিনের সফরের শেষ দিনে ভুবনেশ্বরের ড. অভিন্ন চন্দ্র হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে আয়োজিত 'হোমিওপ্যাথি বিষয়ক জাতীয় বৈজ্ঞানিক সম্মেলন'-এ ভাষণ দেওয়ার সময় রাষ্ট্রপতি বলেন, হোমিওপ্যাথির ভবিষ্যৎ যেন বৈজ্ঞানিক সততা, নিবিড় গবেষণা এবং ক্লিনিক্যাল প্রমাণের ওপর ভিত্তি করে গড়ে ওঠে।

রাষ্ট্রপতি বলেন , হোমিও চিকিৎসার উন্নয়নে কৃত্রিম মেধা ,ডিজিটাল স্বাস্থ্য প্রযুক্তি এবং আধুনিক গবেষণা গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। তিনি এসব প্রযুক্তি গ্রহণ করে এই চিকিৎসা পদ্ধতির উন্নয়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান গুলিকে সচেষ্ট হওয়ার আহ্বান জানান।

(বাইট – রাষ্ট্রপতি)

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় ড্রাগস্ ল্যাবরেটরি দেশের বাজারে প্রচলিত ৩৭-টি ওষুধের নমুনাকে উপযুক্ত মানের নয় বলে চিহ্নিত করেছে। রাজ্য পর্যায়ের এই ধরনের ল্যাবরেটরিতে গত মাসে আরও ২৮৭-টি ওষুধের নমুনাকে অনুপোযুক্ত বলে চিহ্নিত করা হয়েছে। নিয়মিত ওষুধের গুণমান নিয়ে পরীক্ষার পর কেন্দ্রীয় ঔষোধি মানক নিয়ন্ত্রণ সংগঠনের পোর্টালে প্রতি মাসে এই ধরনের অনুপোযুক্ত ও নকল ওষুধের তালিকা প্রকাশ করা হয়ে থাকে।

কেন্দ্রীয় ড্রাগ ল্যাবরেটরি সূত্রে জানানো হয়েছে, অসমের বাজারে চালু একটি ওষুধকে নকল বলে চিহ্নিত করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত তদন্তের পর উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

oooooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ নাগপুরের রাষ্ট্রসন্ত টুকাদোজি মহারাজ নাগপুর বিশ্ববিদ্যালয়ে দু'দিনের জাতীয় সম্মেলনের উদ্বোধন করেছেন। 'স্বয়ংসিদ্ধা জাতীয় সম্মেলন ২০২৬ – বিজয়া: শিক্ষার মাধ্যমে ক্ষমতায়নের যাত্রা' শীর্ষক এই সম্মেলনে নারীদের উচ্চশিক্ষা, নেতৃত্বের দক্ষতা, নিরাপত্তা এবং অর্থনৈতিক স্বনির্ভরতার ওপর গুরুত্ব দেওয়া হবে।

oooooooooooooooooooooo

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, পরম বীর চক্র প্রাপক শহীদ মেজর রামস্বামী পরমেশ্বরণের প্রয়াণ বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী সিং, মেজর পরমেশ্বরমকে অপারেশন পবন-এর সময় অসাধারণ সাহস এবং কর্তব্য নিষ্ঠার মূর্ত প্রতীক বলে বর্ণনা করেছেন। দেশের জন্য নিঃস্বার্থ সেবা ও মাতৃ ভূমির প্রতি ভালোবাসার প্রতিফলন ঘটেছে তাঁর আত্মত্যাগের মধ্য দিয়ে বলে প্রতিরক্ষামন্ত্রী মন্তব্য করেছেন। তাঁর অসাধারণ আত্মত্যাগ ভবিষ্যত প্রজন্মের জন্য অনুপ্রেরণা যোগাবে বলে তিনি উল্লেখ করেছেন।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট ২০২০ সালের দিল্লি রায়ট চক্রান্ত মামলায় সারজিল ইমাম ও উমর খালিদের অন্তর্বর্তী জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। এই দুইজন ইউ এ পি এ মামলায় জামিন না দেওয়ায় দিল্লী হাই কোর্টের রায় চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে আবেদন জানিয়েছিলেন। ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত , বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি ভি মোহানার বেঞ্চ আজ এই মামলার সুনানির পর এই বিষয়ে দিল্লী পুলিশকে নোটিশ পাঠানোর নির্দেশ দেন। বেঞ্চ তাদের নির্দেশে বলেছেন ,পুলিশের বক্তব্য শোনার পর ই ওই দুই ব্যক্তির জামিনের আবেদন বিবেচনা করা হবে।

oooooooooooooooooooooo

ভারত ও নেপালের সেনাবাহিনী যৌথ সামরিক মহড়া আজ নেপালের

রূপানডেহি জেলার সালঝান্ডি-তে শুরু হয়েছে। ৮-ই ডিসেম্বর পর্যন্ত চলবে এই মহড়া। যৌথ মহড়ায় প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা, জঙ্গল যুদ্ধ, মানবিক সহায়তার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। এছাড়াও দু-দেশের সেনা বাহিনীর মধ্যে কার্যকর সহযোগিতা, পেশাগত দক্ষতা উন্নয়নের বিষয়টিও থাকবে।

oooooooooooooooooooooo

তামিলনাড়ুর মাদুরাই জেলার দীপাথুন পাহাড়ে চিরাচরিত কার্থিগাই দীপম জালানোর উদ্যোগ না নেওয়ার জন্য তামিলনাড়ু সরকারের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা সুপ্রিম কোর্ট শুনবে বলে জানিয়েছে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট গত ২১-শে নভেম্বর এই প্রদীপ জ্বালানোর অনুষ্ঠানের আয়োজন করার জন্য তামিলনাড়ু সরকারকে নির্দেশ দিয়েছিল। আজ বিচারপতি অরবিন্দ কুমার এবং বিচারপতি বিপুল পাঞ্চলীর বেঞ্চে বিষয়টি উল্লেখ করা হলে, তাঁরা একথা বলেন।

এদিকে, ভারতীয় জনতা পার্টি সুপ্রিম কোর্টের রায় না মানার জন্য তামিলনাড়ু সরকারের সমালোচনা করেছে।

oooooooooooooooooooooo

বোম্বে শেয়ার বাজারের সূচকাঙ্ক সেনসেক্স আজ দিনের শুরুতেই ১ হাজার ৯৫৭ পয়েন্ট বেড়ে ৮৪ হাজার ৩৯৩-এ পৌঁছেছে। জাতীয় শেয়ার সূচক নিফটিও ৫৮৩ পয়েন্ট বেড়ে ২৫ হাজার ৯৩১-এ পৌঁছেছে। আর্থিক পরিষেবা, ব্যাঙ্কিং এবং ভোগ্য পণ্যের শেয়ারে উচ্চ হারের ফলেই সূচকাঙ্কের এই বৃদ্ধি বলে মনে করা হচ্ছে। তবে, ধাতু, মিডিয়া এবং টেলি যোগাযোগ ক্ষেত্রের শেয়ারে তুলনামূলকভাবে নিম্নগতি লক্ষ্য করা গেছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ***রবিবার ২৯ শে নভেম্বর*** , আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৪০-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

আফ্রিকীয় দেশ নাইজেরিয়ার উত্তর মধ্যাঞ্চলীয় নাইজার প্রদেশে নতুন করে সাম্প্রদায়িক হিংসায় বহু মানুষের মৃত্যুর খবর পাওয়া গেছে। স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে, চারণ ভূমির অধিকার নিয়ে বিরোধের জেরে পশুপালক ও কৃষকদের মধ্যে সংঘর্ষ বাধে। পশুপালকদের সংগঠন দাবি করেছে তাদের ফুলানি জন গোষ্ঠীর ৬৪ জন সংঘর্ষে নিহত হয়েছে।

অন্যদিকে, পাল্টা হামলায় একটি গ্রামের প্রধান সহ আরও পাঁচজন নিহত হয়েছে। স্থানীয় কর্তৃপক্ষ এবিষয়ে অনুসন্ধান চালাচ্ছে।

oooooooooooooooooooooo

ভারত গতকাল রিয়াধের বাণিজ্যিক এলাকায় হামলার তীব্র নিন্দা করেছে। পাশাপাশি, সৌদি আরবের অসামরিক, অর্থনৈতিক ও জ্বালানি পরিকাঠামো লক্ষ্য করে ক্রমাগত যে হামলা চালানো হচ্ছে, তারও নিন্দা করেছে ভারত। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, এই ধরনের হামলা নাগরিকদের জীবনকে মারাত্মক ঝুঁকির মুখে ফেলে, সৌদি আরবের সার্বভৌমত্ব লঙ্ঘন করে এবং আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতাকে ক্ষতিগ্রস্ত করে। মন্ত্রক

জানিয়েছে, রিয়াদের আর্থিক প্রতিষ্ঠান এলাকায় চালানো এই হামলায় আহতদের মধ্যে দুজন ভারতীয় নাগরিক রয়েছেন।

এছাড়া, সৌদি আরবের সার্বভৌমত্ব ও ভূখণ্ডগত অখণ্ডতা রক্ষা এবং দেশটির নাগরিক ও বাসিন্দাদের নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে সৌদি আরবের প্রতি ভারতের সমর্থনের কথা পুনরায় ব্যক্ত করা হয়েছে। ভারত আশা প্রকাশ করেছে যে, খুব দ্রুত এই অঞ্চলে শান্তি ও স্বাভাবিক অবস্থা ফিরে আসবে।

oooooooooooooooooooooo

বাংলাদেশের গাজীপুরে তৈরি পোষাক শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকরা, নব ঘোষিত ন্যূনতম মাসিক মজুরি প্রত্যাখ্যান করেছেন। তারা আরও বেশি মজুরির দাবিতে আন্দোলনের সময় পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েন।

স্থানীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, বিক্ষোভকারী শ্রমিকরা ঢাকা-টাঙ্গাইল ও ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের নাওজোর ও ভোগড়া বাইপাসসহ বেশ কয়েকটি স্থানে অবরোধ সৃষ্টি করেন। এছাড়া টঙ্গী ও শ্রীপুরেও বিক্ষোভের খবর পাওয়া গেছে।

কিছু শ্রমিক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের লক্ষ্য করে ইট-পাটকেল ছুঁড়লে, পুলিশ বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে কাঁদানে গ্যাস ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। আজ সকাল ১০টার মধ্যে প্রায় ২০টি কারখানা ছুটি ঘোষণা করেছে এবং আরও ৩৫টি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হয়েছে।

বস্ত্র শ্রমিকদের ন্যূনতম মাসিক মজুরি ১২,৫০০ টাকা থেকে বাড়িয়ে ১৭,০০০ টাকা করার বিষয়ে ন্যূনতম মজুরি বোর্ডের সিদ্ধান্তের পরই এই অসন্তোষ ও শ্রমিকদের আন্দোলন শুরু হয়।

oooooooooooooooooooooo

ভারত ও শ্রীলঙ্কার মধ্যে জাতীয় সমর শিক্ষার্থী বাহিনীর সাইকেল অভিযানের অংশ হিসেবে ভারতীয় নৌ-বাহিনীর জাহাজ INS সুজাতা ত্রিঙ্কোমালিতে এসে পৌঁছেছে। গত ১৫-ই নভেম্বর মৈত্রী সেতু যাত্রা নামে এই সাইকেল অভিযান কলম্বো থেকে শুরু হয়েছে। শ্রীলঙ্কার অভ্যন্তরে ৫-শো কিলোমিটার অতিক্রম করার পর জাফনা

থেকে অভিযাত্রীরা জাহাজ যোগে ভারতে এসে পৌঁছেছে। ত্রিঙ্কোমালি থেকে আরও ৩ হাজার কিলোমিটার অতিক্রম করে দিল্লিতে এই অভিযান শেষ হবে। দু-দেশের মধ্যে সভ্যতাগত, সাংস্কৃতিক এবং বৌদ্ধ ধর্মীয় সম্পর্ককে সুদৃঢ় করার লক্ষে এই অভিযানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooo

মহিলাদের এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি হকিতে ভারত আজ লিগ পর্যায়ের শেষ ম্যাচে জাপানের মুখোমুখি হবে। সন্ধে ৭টায় শুরু হবে এই ম্যাচ।

গত রাতে ভোপালে লিগ পর্যায়ের ম্যাচে চিনকে ৬-২ গোলে পরাজিত করে ভারতীয় মহিলা হকি দল। ভারতের হয়ে হ্যাটট্রিক করেন দীপিকা। এছাড়া একটি করে গোল করেন লালরেমসিয়ামি, নেহা এবং সাক্ষী রানা। চিনের হয়ে গোল করেন হং ইয়ংইউন এবং চেন টং।

বর্তমানে পয়েন্ট তালিকায় ১২ পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছে ভারত ও জাপান। ইতিমধ্যেই সেমিফাইনালে জায়গা নিশ্চিত করেছে ভারত।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo